দৈনিক সংবাদ

NOV. 1 3 1999

তারিখ ... ... ... NOV 1999
পৃষ্ঠা ১১ কলাম ৬

# নটর ডেমে প্রাক্তন ও বর্তমানের মিলনমেলা বসেছিল কাল

(নিজস্ব বার্তা পরিবেশক)

'আমাদের সময়ে এমন ভর্তিযুদ্ধ ছিল না। ভর্তির জন্য কোচিংও করতে হতো না। মেধাবী ছাত্ররা সহজেই ভাল কলেজ-গুলোতে স্থান করে নিতে পারতো'। বললেন পঞ্চাশ-ষাটের দশকের কলেজ ছাত্ররা। তারা বললেন, এখন মেধার স্থান নেই। মেধা বিকাশের তেমন সুযোগও নেই।

গতকাল বৃহস্পতিবার নটর ডেম কলেজের সুবর্ণ জয়ন্তী উৎসবের দ্বিতীয় দিনে স্মৃতিচারণ পর্বে সাবেক নটর ডেমিয়ানরা একথা বললেন।

১৯৪৯ সালে প্রতিষ্ঠিত নটর ডেম কলেজের সাবেক ছাত্র আর বর্তমান ছাত্রদের মিলনমেলায় পরিণত হয়ে উঠেছে যেন এ সুবর্ণ জয়ন্তী উৎসব। বৃহস্পতিবার উৎসবের উদ্বোধন করেন রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ।

গতকাল দ্বিতীয় দিনের প্রথমেই ছিল স্মৃতিচারণ পর্ব। সাবেক ছাত্ররা এ পর্বে স্মৃতিচারণ করলেন। বললেন '৫৬ সালের সেরা ছাত্র পিটার গোমেজ, মুজাদ্দেদী, পাকিস্তান থেকে আগত পাকিস্তানের নটর ডেম কলেজ এলামনাই এসোসিয়েশনের হেমায়েত আলী খান, এ কে গোলাম কাদের, মুজিবনগর সরকারের ভ্রাম্যমাণ কূটনৈতিক প্রতিনিধি মুহাম্মদ নূরুল কাদির, ব্যারিস্টার এ হাসিব, খবর পাঠক সেরাজুল মজিদ মামুন, রাজিউল হাসান, কাজী আইনুল হক প্রমুখ।

স্মৃতিচারণ পর্বে সেরাজুল মজিদ মামুন জানালেন, পাকিস্তান আমলে উর্দুভাষীরা যখন কলেজে ইংরেজি নাটক করার প্রস্তুতি নিচ্ছিল, সে সময় তার সঙ্গে পাল্লা দিয়ে কী করে বাংলা নাটক করলেন। শেষ পর্যন্ত বাংলা নাটক হওয়ায় ইংরেজি নাটক হলোই না।

স্মৃতিচারণ পর্বের পর কলেজ ছাত্ররা শুভংকর চক্রবর্তী রচিত 'মড়া' নাটক মঞ্চস্থ করে। কলেজের আবৃত্তি দল 'স্বাধীনতা আমার স্বাধীনতা' শীর্ষক শ্রুতিকাব্য পরিবেশন করে।

'নটর ডেমের স্বর্ণ সময় অনাগত' শীর্ষক বিতর্কও গতকাল অনুষ্ঠিত হয়। বিতর্কে পক্ষে অংশ নেন বর্তমান ছাত্ররা আর বিপক্ষে অংশ নেন প্রাক্তন ছাত্ররা। প্রাক্তন ছাত্রদের মধ্যে ছিলেন ড. মঈন খান, মুহাম্মদ নূরুল কাদির ও সেরাজুল মজিদ মামুন।

SHEET — OF — SHEETS